গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
বাণিজ্য সংগঠন- ২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mincom.gov.bd

লাইসেন্স নং-০২/২০২৬

তারিখ: ২৯ পৌষ ১৪৩২ / ১৩ জানুয়ারি ২০২৬

## বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩(২)(ঘ) ধারা অনুযায়ী প্রদত্ত লাইসেন্স

যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নিকট সন্তোষজনকভাবে প্রতীয়মান হয়েছে যে, কতিপয় ব্যক্তিবর্গ 'ডায়াগনস্টিক রি-এজেন্ট এন্ড ইকুইপমেন্ট ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ' এর নামে সংগঠন প্রতিষ্ঠা করে একটি সাধারণ উদ্দেশ্য সাধনে এবং সংগঠনের অন্তর্ভুক্ত ব্যক্তি বা ব্যক্তি শ্রেণির প্রতিনিধিত্ব করার উদ্দেশ্যে একত্র হতে যাচ্ছে;

সেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ এর ৩ (২)(ঘ) ধারা অনুসারে সরকার 'ডায়াগনস্টিক রি-এজেন্ট এন্ড ইকুইপমেন্ট ট্রেডার্স এসোসিয়েশন অব বাংলাদেশ' সংগঠনটিকে নিম্নে উল্লিখিত শর্তসাপেক্ষে লাইসেন্স প্রদান করলো:

(ক) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ এর ৩ (২)(ঘ) এবং এর অধীন প্রয়োজনীয় সকল শর্তাদি পূরণপূর্বক লাইসেন্স প্রদানের তারিখ হতে ৬০ (ষাট) দিনের মধ্যে সংগঠনটিকে যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে সীমাবদ্ধ দায়সহ এর নামের সঙ্গে "লিমিটেড" শব্দ ব্যবহার না করে নিবন্ধিকরণ করতে হবে;

(খ) সরকার কর্তৃক সংগঠনটির অনুমোদিত সংঘস্মারক/সংঘবিধিতে সরকার প্রয়োজনে পরবর্তীতে যে কোন সংশোধন/পরিবর্তন আনয়নের ক্ষমতা সংরক্ষণ করে এবং সরকার কর্তৃক অনুরূপ কোন নির্দেশনা প্রদান করা হলে সংগঠনটি এর সংঘস্মারক/সংঘবিধিতে প্রয়োজনীয় সংশোধন করতে বাধ্য থাকবে;

(গ) যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে নিবন্ধনের পর নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর কর্তৃক সত্যায়িত দু'টি ছাপানো সংঘস্মারক/সংঘবিধির কপি এবং নিবন্ধন প্রত্যয়নপত্রের দু'টি ফটোকপি মহাপরিচালক, বাণিজ্য সংগঠন-এর নিকট জমা দিতে হবে (অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির একটি কপি এসঙ্গে সংযুক্ত);

(ঘ) অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির কোন বিধান বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর কোন বিধানের সঙ্গে সাংঘর্ষিক হলে আইনের বিধান প্রযোজ্য হবে এবং অনুমোদিত সংঘস্মারক ও সংঘবিধির যে কোন অসঙ্গতি বা ত্রুটি সংশোধনপূর্বক নিবন্ধক, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর ও মন্ত্রণালয়ে উপস্থাপনপূর্বক পুনরায় অনুমোদন গ্রহণ করতে হবে;

(ঙ) সময় সময় সরকার কর্তৃক সংগঠন সংক্রান্ত আরোপিত শর্তাদি ও বিধি-বিধান অবশ্যই পালনীয় হবে এবং এ বিষয়ে সরকার কোন নির্দেশনা প্রদান করলে সংগঠনের সংঘস্মারক/সংঘবিধিতে অবশ্যই অন্তর্ভুক্ত করতে হবে;

(চ) সংগঠনের জন্য আবশ্যিকভাবে স্থায়ী অফিস প্রতিষ্ঠা করতে হবে;

(ছ) নিবন্ধনের পর ০১ (এক) মাসের কম নয় বা ০৩ (তিন) মাসের অধিক নয় এ সময়ের মধ্যে সংগঠনের প্রথম সাধারণ সভা আহ্বান করতে হবে এবং ০৬ (ছয়) মাসের মধ্যে নির্বাচনের মাধ্যমে পূর্ণাঙ্গ নির্বাহী কমিটি গঠন করতে হবে;

(জ) সংগঠনটি সরকার এবং জনস্বার্থের পরিপন্থী কার্যক্রম বা রাষ্ট্র বিরোধী কোন তৎপরতায় লিপ্ত হবে না;

(ঞ) বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এর ৩ ধারা এর কোন বিধান এবং উপরে বর্ণিত ও সংঘস্মারক/সংঘবিধিতে উল্লিখিত শর্তাবলীর কোনরূপ বরখেলাপ বা লঙ্ঘন করা হলে এ সংগঠনকে প্রদত্ত লাইসেন্স বা নিবন্ধিকরণের কোন কার্যকারিতা বহাল থাকবে না এবং আইনের দৃষ্টিতে এই লাইসেন্স বাতিল বলে গণ্য হবে।

এ লাইসেন্স দু'হাজার ছাব্বিশ সনের জানুয়ারি মাসের ১৩ (তেরো) তারিখে আমার স্বাক্ষরে প্রদত্ত হলো।

১৩/০১/২০২৬

(মুহাম্মদ রেহান উদ্দিন)
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
বাণিজ্য সংগঠন অনুবিভাগ

CamScanner
CamScanner